

৪/

দৈনিক জনকণ্ঠ

তারিখ ০৪ NOV 1998
পৃষ্ঠা ৩

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷ অবৈধভাবে ভর্তি হওয়ার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'ছাত্রের ভর্তি বাতিল করা হয়েছে এবং একই অভিযোগে আরও ১৬ ছাত্রছাত্রীকে কারণ দর্শাও নোটিস দেয়া হয়েছে। অবৈধ ভর্তি প্রক্রিয়ার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কোন কর্মকর্তা জড়িত থাকলে তাদের খুঁজে বের করার জন্য পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট বৈঠকে বৃহস্পতিবার রাতে এ সিদ্ধান্ত হয়।

অবৈধভাবে ভর্তি

চাৰিতে দু'জনের ভর্তি বাতিল ৷ ১৬ জনকে কারণ দর্শাও নোটিস

মাস ছয়েক আগে দৈনিক জনকণ্ঠ ও সংবাদ পর পর তুমি ভর্তি সংক্রান্ত দু'টি সংবাদ পরিবেশনের পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করে। অধ্যাপক

শাহাদত আলীকে আহ্বায়ক করে এই তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি ভর্তি সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে প্রমাণ পায় যে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র মোঃ ইকবাল হোসেন সবুজ (রোল নং-১৪৭৩) এবং মোঃ আনিসুর রহমানের (রোল নং-১৪৭৫) ভর্তি অবৈধ। তারা দু'জনই ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তি হয়। তাদের ভর্তি অবৈধ প্রমাণিত হওয়ায় তদন্ত কমিটি কেন তাদের ছাত্রত্ব বাতিল হবে না এই মর্মে কারণ দর্শাও নোটিস প্রদান করে। কারণ দর্শাও নোটিসের উত্তর সন্তোষজনক না হওয়ায় তদন্ত কমিটি তাদের ছাত্রত্ব বাতিলের সুপারিশ করে। সর্ব শেষে বৃহস্পতিবার সিন্ডিকেটের এক বৈঠকে তাদের ভর্তি বাতিল করা হয়। যাদের ভর্তি বাতিল করা হয়েছে তাদের একজন ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সদস্য ছিল।